

উদ্ভিদ-বিজ্ঞান

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০৩

SEP 19 2003

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০৩

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, 'জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০৩' যথাযোগ্য অর্থায়নের সহিত পালনের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ও কর্মসূচি নির্ধারণ করা হইয়াছে :

সময়সূচি :

প্রতিষ্ঠান পর্যায়ের অনুষ্ঠান (স্কুল/মাদ্রাসা/কলেজ পর্যায়)	২৮ সেপ্টেম্বর ২০০২ তারিখ হইতে ০৩ অক্টোবর ২০০২ তারিখ
উপজেলা পর্যায়ের অনুষ্ঠান	০৭ অক্টোবর ২০০২ তারিখ হইতে ১১ অক্টোবর ২০০২ তারিখ
জেলা পর্যায়ের অনুষ্ঠান	১২ অক্টোবর ২০০২ তারিখ হইতে ২৬ অক্টোবর ২০০২ তারিখ
বিভাগ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের অনুষ্ঠান	৩১ অক্টোবর ২০০২ তারিখ হইতে ০৪ নভেম্বর ২০০২ তারিখ
জাতীয় পর্যায়ের অনুষ্ঠান	২৮ ডিসেম্বর ২০০২ তারিখ হইতে ০২ জানুয়ারী ২০০৩ তারিখ

ক হইতে গ গ্রুপের ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতার বিষয় :

- (১) কবিতা, (২) হাস্য/নাট্য, (৩) বাংলা রচনা প্রতিযোগিতা (বিষয় : অনির্দিষ্ট (৩০ মিনিট), (৪) বাংলা কবিতা আবৃত্তি (নির্দিষ্ট), (৫) উপস্থিত বক্তৃতা, (৬) বিতর্ক প্রতিযোগিতা (একক), (৭) দেশাত্মবোধক গান, (৮) হরীশ্রু সংগীত, (৯) নজরুল সংগীত, (১০) লোকসংগীত (ভাওয়ালিয়া, ভাটিয়ালী, লালন গীতি, পল্লী গীতি), (১১) জাতীয় গান (দলভিত্তিক), (১২) নৃত্য, (১৩) লোক নৃত্য।

ঘ গ্রুপের ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতার বিষয় :

- (১) রচনা প্রতিযোগিতা (বাংলা), (২) রচনা প্রতিযোগিতা (ইংরেজী), (৩) উপস্থিত বক্তৃতা, (৪) বাংলা কবিতা আবৃত্তি (নির্দিষ্ট), (৫) ইংরেজী কবিতা আবৃত্তি (নির্দিষ্ট), (৬) দেশাত্মবোধক গান, (৭) হরীশ্রু সংগীত, (৮) নজরুল সংগীত, (৯) লোকসংগীত (ভাওয়ালিয়া, ভাটিয়ালী, লালন গীতি, পল্লী গীতি), (১০) জাতীয় গান (দলভিত্তিক), (১১) সাংস্কৃতিক অভিনয়, (১২) নৃত্য, (১৩) লোক নৃত্য।

প্রতিযোগিতার গ্রুপ : ক গ্রুপ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী, খ গ্রুপ : ৯ম থেকে ১০ শ্রেণী, গ গ্রুপ : কলেজের ছাত্র-ছাত্রী, ঘ গ্রুপ : বিশ্ববিদ্যালয় পর্যায়ের ছাত্র-ছাত্রী।

শিক্ষা সপ্তাহ ২০০৩ উপলক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে প্রধান করিয়া উপজেলা শিক্ষা সপ্তাহ উদযাপন কমিটি, জেলা প্রশাসককে প্রধান করিয়া জেলা শিক্ষা সপ্তাহ উদযাপন কমিটি এবং বিভাগীয় কমিশনারকে প্রধান করিয়া বিভাগীয় শিক্ষা সপ্তাহ উদযাপন কমিটি গঠন করা হইয়াছে।

শিক্ষা সম্মেলন :

উপজেলা পর্যায় হইতে জাতীয় পর্যায় পর্যন্ত শিক্ষা সম্মেলনের আয়োজন করিতে হইবে। শুধুমাত্র উপজেলা পর্যায়ে শিক্ষা মেলা অনুষ্ঠিত হইবে। এই জন্য প্রয়োজনীয় ব্যবস্থা দেওয়া হইয়াছে। শিক্ষা সম্মেলনের আলোচ্য বিষয়বস্তু হইবে "নির্দিষ্টতা অর্জনে শিক্ষা"।

শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক/শিক্ষিকা, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন :

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালা অনুসরণে দেশব্যাপী মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান হইতে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক/শিক্ষিকা নির্বাচন করা হইবে। আগামী ০৪ অক্টোবর ২০০২ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান নির্বাচনের জন্য সর্বাঙ্গীণ সকল প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় তথ্য ও প্রতি শিক্ষা প্রতিষ্ঠান হইতে একজন শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক/শিক্ষিকার নাম জীবনবৃত্তান্তসহ প্রেরণের অনুরোধ করা যাইতেছে।

শ্রেষ্ঠ ছাউট, গার্ল গাইড, রোটার, রেঞ্জার, বিএনসিসি, ছাউট গ্রুপ, গার্ল গাইড গ্রুপ, রোটার গ্রুপ, রেঞ্জার গ্রুপ, বিএনসিসি গ্রুপ, ছাউট শিক্ষক, গার্ল গাইড শিক্ষক, রোটার শিক্ষক, রেঞ্জার শিক্ষক, বিএনসিসি শিক্ষক নির্বাচন :

চলতি বছর শ্রেষ্ঠ ছাউট, গার্ল গাইড, রোটার, রেঞ্জার, বিএনসিসি, ছাউট গ্রুপ, গার্ল গাইড গ্রুপ, রোটার গ্রুপ, রেঞ্জার গ্রুপ, বিএনসিসি গ্রুপ, ছাউট শিক্ষক, গার্ল গাইড শিক্ষক, রোটার শিক্ষক, রেঞ্জার শিক্ষক, বিএনসিসি শিক্ষককে পুরস্কৃত করা হইবে। এই জন্য প্রতিটি প্রতিষ্ঠান হইতে উপস্থাপিত কার্যক্রম সর্বাঙ্গীণ সকলকে অংশগ্রহণের অনুরোধ করা যাইতেছে।

ই-মেইল : ১২৭৮৭-১৩/৯  
ফোন : ৩১২৩/০২ (৮/২৫)